

এনটিআরসিএ কর্তৃক সহকারী শিক্ষক কম্পিউটার পদে সুপারিশের জন্য নির্বাচিত প্রার্থী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণের জ্ঞাতব্য (শুধুমাত্র ২০১৬ সালে আবেদনকারী প্রার্থীর জন্য প্রযোজ্য)

শিক্ষা মন্ত্রণালয় হতে ৩০.১২.২০১৫ তারিখে জারিকৃত এক পরিপত্রের মাধ্যমে সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্টি লেভেলের শিক্ষক নিয়োগের দায়িত্ব এনটিআরসিএ-কে প্রদান সাপেক্ষে ২০১৬ সালে এনটিআরসিএ হতে সহকারী শিক্ষক কম্পিউটার পদে নিয়োগের জন্য অনলাইনে চাহিদা (e-Requisition) গ্রহণ করে এবং চাহিদাকৃত পদসমূহের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ২০১৬ সালে সম্পন্ন করার কথা থাকলেও মাননীয় হাইকোর্টে ৯৭৭৭/২০১৬ এবং ৯৭৯০/২০১৬ মামলার কারণে নিয়োগের সুপারিশ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। মামলাটি নিষ্পত্তি হয়ে যাওয়ায় মামলার রায়ের আলোকে (রায়ের কপি দেখতে এখানে ক্লিক করুন) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী সহকারী শিক্ষক কম্পিউটার পদের ফলাফল চূড়ান্ত করা হয়। উল্লেখ্য যে, ২০১৬ সালে সহকারী শিক্ষক কম্পিউটার পদের জন্য আবেদনকারী ছিল ৬২,০৪৮ জন এবং পদ খালি ছিল ১,০৯৫টি। এই আবেদনকারীদের মধ্য হতে প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা পূরণ সাপেক্ষে মেধাতালিকা অনুসরণ করে সর্বোচ্চ মেধাধারীকে নিয়োগ প্রদানের জন্য ১০ জানুয়ারি ২০১৯ তারিখে ১,০৪৮ জন প্রার্থীকে সহকারী শিক্ষক কম্পিউটার পদে সুপারিশ করা হয়েছে। তাদের তালিকা এই লিংকে ক্লিক করে দেখুন।

উক্ত তালিকায় সুপারিশকৃত প্রার্থীগণের নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকলে বৈধ প্রার্থী হিসেবে গণ্য হবে এবং তাদেরকে নিয়োগ দেয়ার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো। শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
নিয়মমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা	সহকারী শিক্ষক (কম্পিউটার)	১. কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/সমমান। অথবা; ২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি। অথবা; ৩. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ। (সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১ টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)

চেয়ারম্যান  
এনটিআরসিএ, ঢাকা।